


আন্তর্জাতিক

সিরিয়ার ইদলিবে ইসরায়েলি হামলা, নেতানিয়াহুর ফাঁদে পা দেবে না তুরস্ক

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সিরিয়ার ইদলিবে আবু-জুহুর বিমানঘাঁটিতে গত সপ্তাহে হামলা চালায় ইসরায়েল। ওই ঘাঁটিতে তুরস্ক সেনা মোতায়েনের চেষ্টা করছে। এমন দাবি করে হামলা চালানো হয়। তবে তুরস্ক ও যুক্তরাষ্ট্র এ দাবি প্রত্যাখ্যান করেছে।

হামলার পর তুরস্ক অভিযোগ করেছে, ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু মধ্যপ্রাচ্যকে আরও অস্থিতিশীল করার চেষ্টা করছেন। তবে তাঁর এই ফাঁদে তুরস্ক পা দেবে না বলে জানিয়েছে আঙ্কারা।

গতকাল বৃহস্পতিবার এক বিবৃতিতে তুরস্কের প্রেসিডেন্টের দপ্তর বলেছে, নেতানিয়াহুর মতো ব্যক্তির ফাঁদে না পড়ার মতো যথেষ্ট অভিজ্ঞতা তুরস্কের রয়েছে। তাঁর লক্ষ্য হলো এ অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা নষ্ট করা।

ইসরায়েলি হামলায় আবু-জুহুর বিমানঘাঁটির রানওয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। হামলার কয়েক ঘণ্টা আগে সেখানে তুরস্কের একটি সামরিক প্রতিনিধি দল গিয়েছিল বলে দাবি করে ইসরায়েল।

তবে এ দাবি নাকচ করেছে তুরস্ক। সিরিয়ার একটি পর্যবেক্ষক সংস্থাও জানিয়েছে, ঘাঁটিতে তুরস্কের প্রতিনিধি দল গিয়েছিল পুনর্গঠনের বিষয়টি পর্যালোচনা করতে।

তবে নেতানিয়াহুর দাবি, তুরস্কের সেনারা ওই ঘাঁটিতে গিয়েছিল। এটিকে ইসরায়েলের নিরাপত্তার জন্য হুমকি হিসেবেও দেখছেন তিনি।

ইসরায়েলি আর্মি রেডিওকে নেতানিয়াহু বলেন, তুরস্কের সামরিক বাহিনী উত্তরাঞ্চলের দিকে এলে ইসরায়েল তা মেনে নেবে না। কারণ, এটি তাদের জন্য হুমকি।

ঘটনাটি এমন সময় ঘটল, যখন সিরিয়ায় তুরস্কের সামরিক ভূমিকা নিয়ে ইসরায়েলের উদ্বেগ বাড়ছে। অন্যদিকে তুরস্ক বলছে, এসব পদক্ষেপের মাধ্যমে নেতানিয়াহু মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়ানোর চেষ্টা করছেন।

সূত্র: দ্য নিউ আরব

এ বিভাগের আরও খবর



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি হতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় বাস্তু ও বে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/siriyar-idlibe-israyeli-hamla-netaniyahur-fande-pa-debe-na-tursk>